# মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম পরিচ্ছেদ: হজ ও উমরায় নারীর বিশেষ বিধান

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৯. তাওয়াফের সময় নারীর পরিপূর্ণ পর্দা করা ওয়াজিব:

তওয়াফের সময় নারী পরিপূর্ণ পর্দা করবে, আওয়াজ নিচু ও চোখ অবনত রাখবে, পুরুষদের সাথে ভিড় করবে না, বিশেষভাবে হজরে আসওয়াদ ও রুকনে ইয়ামানীর নিকট। নারীর জন্য পুরুষের ভিড় ঠেলে কা'বার নিকট দিয়ে তাওয়াফ করা অপেক্ষা তাদের ভিড় এড়িয়ে মাতাফের শেষ প্রান্ত দিয়ে তাওয়াফ করা উত্তম। কারণ, এতে ফিতনার আশঙ্কা রয়েছে। হ্যাঁ, যদি সহজ হয় কা'বার নিকট দিয়ে তাওয়াফ করা ও হাজরে আসওয়াদ চুমু দেওয়া দু'টি সুন্নত, তবে সুন্নতের জন্য হারামে লিপ্ত হওয়া যাবে না, বরং ভিড়ে সুন্নতও নয়। তখন সুন্নত হচ্ছে হাজরে আসওয়াদের বরাবর হলে হাত দিয়ে ইশারা করা।

ইমাম নাওয়াওয়ী রহ. 'আল-মাজমু': (৮/৩৭) গ্রন্থে বলেন: আমাদের সাথীগণ বলেছেন: নারীদের জন্য রাত কিংবা অন্য কোনো সময় খালি মাতাফ ব্যতীত হাজরে আসওয়াদ চুমু খাওয়া কিংবা স্পর্শ করা মুস্তাহাব নয়। কারণ, এতে তাদের ও অন্যদের ফিতনার আশঙ্কা রয়েছে। সমাপ্ত।

ইবন কুদামাহ রহ. 'মুগনি': (৩/৩৩১) গ্রন্থে বলেন: নারীর জন্য রাতে তাওয়াফ করা মুস্তাহাব। কারণ, এটা তার পর্দার সহায়ক এবং ভিড়ও তাতে কম হয়। এ সময় কাবার নিকট যাওয়া ও হাজরে আসওয়াদ চুমু খাওয়া তার পক্ষে সম্ভব। সমাপ্ত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14722

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন